

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৬৪৫

১২/ যাকাত (كتاب الزكاة)

পরিচেদঃ ১২/৫০. রাসূলুল্লাহ (ﷺ) এবং তার বংশধরদের জন্য যাকাত (গ্রহণ) হারাম। তারা হচ্ছে। বানু হাশিম ও বানু মুত্তালিব। এছাড়া অন্যরা নয়।

تحریم الزکاۃ علی رسول الله صَلَّی اللہُ عَلَیْهِ وَسَلَّمَ وَعَلی آلِهِ وَهُنَّ بْنُو هاشم وَبْنُو المطلب
دون غیرهم

আরবী

حَدِيثُ أَبِي هُرَيْرَةَ رضِيَ اللَّهُ عَنْهُ، قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُؤْتَى
بِالْتَّمْرِ عِنْدَ صِرَاطِ النَّخْلِ؛ فَيَجِيءُ إِلَيْهِ هَذَا بِتَمْرٍ، وَهَذَا مِنْ تَمْرِهِ، حَتَّى يَصِيرَ عِنْدَهُ كَوْمًا مِنْ
تَمْرٍ فَجَعَلَ الْحَسَنُ وَالْحُسَيْنُ يَلْعَبَانِ بِذَلِكَ التَّمْرَ؛ فَأَخَذَ أَحَدُهُمَا تَمْرَةً فَجَعَلَهَا فِي فِيهِ،
فَنَظَرَ إِلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَخْرَجَهَا مِنْ فِيهِ، فَقَالَ: أَمَا عَلِمْتَ أَنَّ آلَ
مُحَمَّدٍ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَأْكُلُونَ الصَّدَقَةَ

বাংলা

৬৪৫. আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, খেজুর কাটার মৌসুমে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে (সাদাকার) খেজুর আনা হতো। অমুকে তার খেজুর নিয়ে আসতো, অমুকে এর খেজুর নিয়ে আসতো। এভাবে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে খেজুর স্তপ হয়ে গেলো। হাসান ও হুসাইন (রায়িয়াল্লাহু আনহুমা) সে খেজুর নিয়ে খেলতে লাগলেন, তাদের একজন একটি খেজুর নিয়ে তা মুখে দিলেন। আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার দিকে তাকালেন এবং তার মুখ হতে খেজুর বের করে বললেন, তুমি কি জানো না যে, মুহাম্মাদের বংশধর (বনু হাশিম) সাদাকা ভক্ষণ করে না?

ফুটনোট

সহীলুল বুখারী, পর্ব ২৪ : যাকাত, অধ্যায় ৫৭, হাঃ ১৪৮৫; মুসলিম, পর্ব ১২ : যাকাত, অধ্যায় ৫০, হাঃ ১০৬৯

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83873>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন